গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-০০২

**পবিত্র আশুরা উপলক্ষ্যে আরএমপি'র নিষেধাজ্ঞা**

রাজশাহী, ১৯ আষাঢ় (৩ জুলাই):

আগামী ৬ জুলাই ২০২৫ খ্রি. ১০ মুহাররম ১৪৪৭ হিজরি তারিখে পবিত্র আশুরা উদ্‌যাপিত হবে। পবিত্র আশুরা উপলক্ষ্যে রাজশাহী মেট্রোপলিটন পুলিশ (আরএমপি)-এর পক্ষ থেকে বেশ কিছু নিষেধাজ্ঞা জারি করা হয়েছে।

এ উপলক্ষ্যে আজ (৩ জুলাই) আরএমপি কমিশনার স্বাক্ষরিত এক গণবিজ্ঞপ্তিতে বলা হয়েছে, পবিত্র আশুরার দিন রাজশাহী মহানগরী এলাকায় আতশবাজি, পটকা ফুটানোসহ অন্যান্য ক্ষতিকারক দ্রব্য ব্যবহার, হিংসাত্মকভাবে আঘাত করার উদ্দেশ্যে অস্ত্রশস্ত্র, তলোয়ার, বর্শা, বন্দুক, ছোরা বা লাঠি, বিস্ফোরক দ্রব্য ও অন্য কোনো ক্ষতিকর দ্রব্যাদি বহন এবং তাজিয়া ও শোক মিছিলে দা, চাকু, কাঁচি, বল্লম, তরবারি ইত্যাদি ধারালো বা আক্রমণের উপযোগী বস্তু, ব্যাগ, পোটলা, বৈদ্যুতিক দুর্ঘটনা রোধকল্পে অধিক উচ্চতার নিশান, ধাতব বস্তু বহনসহ 'পাইক' মিছিল সম্পূর্ণভাবে নিষিদ্ধ ঘোষণা করা হলো। এছাড়া গণউপদ্রব সৃষ্টি করতে পারে এমন অতি উচ্চ শব্দজনিত মাইক বা স্পিকার ব্যবহার নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে।

আইন অমান্যকারীদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে জানানো হয় গণবিজ্ঞপ্তিটিতে।

---------------------------------------

আলীম/তৌহিদ/আতিক/স্মিতা/২০২৫/১৩.২০ঘ

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd